

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২২৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৭৬. সফরে নফল সালাত আদায় করা প্রসঙ্গে

باب التَّطَوُّع فِي السَّفَرِ

আরবী

حَدَّتَنَا الْقَعْنَبِيُّ، حَدَّتَنَا عِيسَى بْنُ حَفْصِ بْنِ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ، عَنْ أَبِهِ، قَالَ : صَحِبْتُ ابْنَ عُمَرَ فِي طَرِيقٍ قَالَ فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ، ثُمَّ أَقْبُلَ فَرَأَى نَاسًا قِيَامًا فَقَالَ: مَا يَصِنْنَعُ هَوُّلَاءِ؟ قُلْتُ يُسَبِّحُونَ. قَالَ : لَوْ كُنْتُ مُسَبِّحًا أَتْمَمْتُ صَلَاتِي يَا ابْنَ أَخِي! إِنِّي صَحِبْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فِي السَّفَرِ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ عَنَّ وَجَلَّ، وَصَحَبْتُ أَبًا بَكْرٍ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ عَنَّ وَجَلَّ، وَصَحَبْتُ أَبًا بَكْرٍ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ تَعَالَى، وَصَحِبْتُ عُمْنَ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ عَنَّ وَجَلَّ، وَصَحِبْتُ عُمْنَ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ تَعَالَى، وَصَحِبْتُ عُمْنَ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ تَعَالَى، وَصَحِبْتُ عُمْنَ فَلَمْ يَزِدْ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ تَعَالَى، وَقَدْ قَالَ اللهُ عَنَّ وَجَلَّ (لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ عَنَّ وَجَلَّ (لَقَدْ كَانَ لَكُمْ فِي رَسُولِ عَلَى رَكْعَتَيْنِ حَتَّى قَبَضَهُ اللهُ أَسُوةٌ حَسَنَةٌ)

_ صحیح : م ، خ مختصر

বাংলা

১২২৩। ঈসা ইবনু হাফস (রহঃ) হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি এক পথে ইবনু 'উমার (রাঃ) এর সাথে ছিলাম। তিনি আমাদেরকে নিয়ে দু' রাক'আত সালাত আদায় করেন। অতঃপর মুখ ফিরিয়ে কিছু লোককে দাঁড়ানো অবস্থায় দেখে জিজ্ঞেস করেন, এরা কি করছে? আমি বললাম, নফল সালাত আদায় করছে। তিনি বললেন, (সফরে) নফল সালাত আদায় প্রয়োজন মনে করলে আমি (ফার্য) সালাত পুরো (চার রাক'আতই) আদায় করতাম। হে ভাতিজা! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সফর করেছি।

তিনি মহা মহীয়ান আল্লাহর সাথে মিলিত হওয়া পর্যন্ত দু' রাক'আতের বেশি আদায় করেননি। আর আমি আবূ বকর (রাঃ) এর সফরসঙ্গী হয়েছি। তিনিও মহা মহীয়ান আল্লাহর সাথে মিলিত হওয়া পর্যন্ত দু' রাক'আতের অধিক আদায় করেননি। আমি 'উমার (রাঃ) এর সফরসঙ্গী হয়েছি। তিনিও মহামহিম আল্লাহর সাথে মিলিত হওয়া পর্যন্ত



দু' রাক'আতের অধিক আদায় করেননি। পরে আমি 'উসমান (রাঃ) এরও সফরসঙ্গী হয়েছি। তিনিও মহা মহীয়ান আল্লাহর সাথে মিলিত হওয়া পর্যন্ত দু' রাক'আতের অধিক আদায় করেননি। কেননা মহা মহীয়ান আল্লাহ বলেছেন, ''তোমাদের জন্য রাসূলুল্লাহর মধ্যে উত্তম আদর্শ নিহিত আছে'' (সূরাহ আল-আহ্যাব : ২১)।[1]

সহীহ: মুসলিম। বুখারী সংক্ষেপে।

English

Narrated Hafs b. 'Asim:

I accompanied Ibn 'Umar on the way (on a journey). He led us in two rak'ah's of (the noon) prayer. Then he proceeded and saw some people standing. He asked: What are they doing? I replied: They are glorifying Allah (i.e. offering supererogatory prayer). He said: If I had offered the supererogatory prayer (while travelling), I would have completed prayer, my cousin. I accompanied the Messenger of Allah () during the journey, he did not pray more than two raka'at until his death. I also accompanied Abu Bakr, and he prayed two raka'at and nothing more until he died. I also accompanied 'Umar, and he prayed two raka'at and nothing more until he died. I also accompanied 'Uthman, and he prayed two raka'at and nothing more until he died. Indeed Allah, the Exalted, said: "Certainly you have in the Messenger of Allah an excellent exemplar"

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : সালাত ক্বাসর করা, অনুঃ সফরের সময় ফার্য সালাত্মে আগে ও পরে নফল সালাত আদায় না করা, হাঃ ১১০১, ১১০২), নাসায়ী (অধ্যায় : সালাত ক্বাসর করা, অনুঃ সফরে নফল সালাত বর্জন করা, হাঃ ১৪৫৭), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ সফরে নফল সালাত, হাঃ ১০৭১), আহমাদ (২/২৪) আহমাদ শাকির বলেনঃ এর সানাদ সহীহ। ইবনু খুযাইমাহ (হাঃ ১২৫৭) সকলে হাফস ইবনু 'আসিম হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন